# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

স্মারক নং চশিবো/ক-শা/ চট্ট উঃ(সন্দ্বীপ)/৪৩৩/২০১৬/ ২২৪৪(৩) তারিখ ঃ০৪ /০১/ ২০১৭খ্রিঃ

বিষয় ঃ মগধরা স্কুল এন্ড কলেজ-এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে ।

সূত্র ঃ শিক্ষামন্ত্রনালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩-৩৭০,তারিখ ঃ০১/১১/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে,মগধরা স্কুল এন্ড কলেজ -এ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ০১/০৭/২০১৭ তারিখ থেকে ০৩ (তিন)বৎসরের জন্য অর্থাৎ ৩০/০৬/২০২০ ইং পর্যন্ত উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগে পাঠদানের অনুমতি সহ ২০১৯ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রথমবারের মত অংশগ্রহণের অনুমতি দেয়া হল । বর্ণিত মেয়াদকাল অতিক্রান্ত হওয়ার পর স্বীকৃতি অর্জিত না হলে পাঠদান স্বয়ংক্রিয় ভাবে বাতিল হয়ে যাবে এবং পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত যাবতীয় কার্যাদি থেকে বারিত হবে ।

**শাখা ও বিষয়সমূহঃ**

| শাখা | বিষয়সমূহ | |
|---|---|---|
| | আবশ্যিক (101 107) | শাখা ভিত্তিক |
| মানবিক | বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (275) | (১) পৌরনীতি ও সুশাসন (২) যুক্তিবিদ্যা (৩)ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (৪) অর্থনীতি। |
| ব্যবসায় শিক্ষা | বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | (১) হিসাব বিজ্ঞান (২) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (৩) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপনন । 277-278 285-286 |

বি.দ্রঃ প্রত্যেক শিক্ষা বর্ষের জন্য প্রণীত সিলেবাসের গুচ্ছানুযায়ী এক শাখার ছাত্র/ ছাত্রীগণ অন্য শাখার বিষয়/ বিষয়সমূহ অধ্যয়ন করতে পারবে।

শর্তাবলী :

১. এ পাঠদানের অনুমতি কোন ক্রমেই একাডেমিক স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না;
২. নিয়োগকৃত জনবলের বেতন ভাতাদি প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
৩. বিধি মোতাবেক বিষয় ভিত্তিক শিক্ষক ও কর্মচারী নিয়োগ করে প্রামান্য কাগজপত্র দাখিল করতে হবে।
৪. বেসরকারী কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
৫. ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না ;
৬. সরকার উপযুক্ত কারণ মনে করলে যে কোন সময় এ আদেশ বাতিল বা স্থগিত করতে পারে;
৭. প্রবিধানমালা ২০০৯ এর বিধি যথাযথ অনুসরণ পূর্বক পরিচালনা কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন গ্রহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

৪/১/১৭

(সুমন বড়ুয়া)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম।

৫/১/১৭

প্রাপক
প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধান
মগধরা স্কুল এন্ড কলেজ,
উপজেলা / থানা ঃ সন্দ্বীপ
জেলা ঃ চট্টগ্রাম।

স্মারক নং চশিবো/ক-শা/ চট্ট উঃ(সন্দ্বীপ)/৪৩৩/২০১৬/ তারিখ ঃ ০৪/০১/ ২০১৭ খ্রিঃ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :**

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
৫. অফিস নথি।

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম।

মোহাম্মদ দিদার হোসেন
অধ্যক্ষ
মগধরা স্কুল এন্ড কলেজ
সন্দ্বীপ, চট্টগ্রাম।
মোবাইল-০১৮১৪-২৬৬১৫০

CamScanner